দৈনিক বাংলা

তারিখ ... ৯/৪/৭৫ ... ... ...
পৃষ্ঠা ৫ কলাম ৪ ......

# চট্টগ্রাম ভার্সিটির ডীন ও একাডেমিক কাউন্সিল নির্বাচন

চট্টগ্রাম, ৮ এপ্রিল (বাসস)।- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডীন, সিন্ডিকেট সদস্য, একাডেমিক কাউন্সিল ও ফিনান্স কমি-টির তেরটি পদে শনিবার নির্বাচন অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানান হয়, বাংলা বিভাগের অধ্যাপক ডঃ মনিরুজ্জামান কলা অনুষদের এবং রাষ্ট্র বিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ মোহাম্মদ আবদুল হাকিম সমাজ বিজ্ঞান বিভাগের ডীন নির্বাচিত হয়েছেন। তারা পরবর্তী দু'বছরের জন্য নির্বাচিত হয়েছেন।

সংবাদ বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বিভিন্ন ক্যাটেগরি থেকে ডঃ মঞ্জুর মোরশেদ মাহমুদ, ডঃ সুলতান আহমদ, মোহাম্মদ এমদাদুল হক ও এ এন এম মইনুল ইসলাম সিন্ডিকেট সদস্য নির্বাচিত হয়েছেন।

খান তৌহিদ ওসমান, ডঃ গাজী সালেহউদ্দীন, সাহেদুর রহমান, ডঃ মোহাম্মদ আবদুস সাত্তার, সেরাজুদ্দৌলা ও আবু মোহাম্মদ আতিকুর রহমান একাডেমিক কাউন্সিলের সদস্য নির্বাচিত হয়েছেন। ফিনান্স কমিটিতে শিক্ষক প্রতিনিধি হিসাবে ব্যবস্থাপনা বিভাগের ডঃ আবদুল আউয়াল খান দু'বছরের জন্য নির্বাচিত হয়েছেন।